



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৮৯

ই-মেইলঃ-

[dgmsme@krishibank.org.bd](mailto:dgmsme@krishibank.org.bd)

### ক্রেডিট বিভাগ

পত্র নং-প্রকা/ক্রেডিট/শাখা-৪(এসএমই)/৬(০৭)/২০২২-২০২৩/

তারিখঃ ১৫/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আওগলিক/আওগলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আওগলিক/আওগলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

২৯৩(১২০০)

বিষয় : বাংলাদেশ ব্যাংক কর্তৃক আয়োজিত সিএমএসএমই ঋণ সংক্রান্ত জুলাই-সেপ্টেম্বর, ২০২২ ত্রৈমাসিক পর্যালোচনা সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন ঘাচেছ।

০২। বিগত ২৯/১২/২০২২ তারিখে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মোঃ আওলাদ হোসেন চৌধুরী মহোদয়ের সভাপতিত্বে সকল তফসিলী ব্যাংকের এসএমই প্রধানদের অংশগ্রহণে জাহাঙ্গীর আলম কনফারেন্স হল, বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত জুলাই-সেপ্টেম্বর, ২০২২ ত্রৈমাসিক পর্যালোচনা সভায় উপস্থাপিত তথ্য/মতামত/প্রস্তাবনার উপর বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়েছেঃ

- ক) কৃষির পাশাপাশি CMSME খাতের অগ্রগতি একটি জাতীয় ইস্যু বিধায় এ বিষয়ে আরও মনোযোগী হতে হবে। এছাড়া ব্যাংকের Spread আকর্ষণীয় রাখার জন্য বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন তহবিলসমূহ হতে ফান্ড Avail করে পোর্টফোলিওর আকার বৃদ্ধি করতে হবে। অন্যদিকে শ্রেণীকৃত ঋণ সহনীয় পর্যায়ে নিয়ে আসার জন্য Supervision কার্যক্রম জোরদার করার পাশাপাশি বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত বিভিন্ন নীতিগত সহায়তার (যেমনঃ Loan rescheduling, restructuring, one time exit ইত্যাদি) কার্যকর ব্যবহারের মাধ্যমে শ্রেণীকরণের হার সহনীয় পর্যায়ে নিয়ে আসতে হবে। অধিকন্তু নারী উদ্যোগী ও এসএমই ক্লাস্টার অর্থায়নের কাঞ্জিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সচেষ্ট হতে হবে;
- খ) প্রগোদনার ২০,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হওয়ার পাশাপাশি সঠিক উদ্দেশ্যে ঋণের অর্থ ব্যবহারের বিষয়টি নিশ্চিত করতে হবে ;
- গ) প্রগোদনার ২৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় অনধিক ১ বছর মেয়াদে চলতি মূলধন হিসেবে এবং ১ বছর হতে ৫ বছর মেয়াদে মেয়াদী অর্থায়ন করতে হবে। স্থায়ী সম্পদের বিপরীতে প্রদত্ত ঋণকে মেয়াদী ঋণ হিসাবে প্রদর্শন করতে হবে ;
- ঘ) Start-Up উদ্যোগ চিহ্নিতকরণে বিভিন্ন প্রতিযোগিতমূলক কর্মসূচি আয়োজনের মাধ্যমে নতুন সম্ভাব্য ধারকদের খুঁজে বের করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত সিএমএসএমই ঋণ সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভায় গৃহিত সিদ্ধান্ত/নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন/পরিপালন করার মাধ্যমে প্রগোদনা প্যাকেজসহ সিএমএসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি এবং এ খাতে কাঞ্জিত ঋণস্থিতি অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস

(মোহাম্মদ মঈনুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৮৯

বিষয় : বাংলাদেশ ব্যাংক কর্তৃক আয়োজিত সি.এম.এস.এম.ই খণ্ড সংক্রান্ত জুলাই-সেপ্টেম্বর, ২০২২ ত্রৈমাসিক পর্যালোচনা সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

পত্র নং-প্রকা/ক্রেডিট/শাখা-৮(এসএমই)/৬(০৭)/২০২২-২০২৩/

২৭/৭(১২০৮)

তারিখ: ১৫/০১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপন্থটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

১১০৮০৮  
১৫/০১/২০২৩

(মুহাম্মদ মোশাররফ হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক